**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ**
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
**আঞ্চলিক পাসপোর্ট অফিস,লালমনিরহাট**
**www.passport.lalmonirhat.gov.bd**
# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

**ভিশন ও মিশন**

- ভিশন: বাংলাদেশি নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ ও ইমিগ্রেশন প্রক্রিয়া সহজীকরণ করা।
- মিশন: বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তী সমুজ্জল করা এবং বাংলাদেশি নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ করার জন্য পাসপোর্ট প্রত্যাশী সকল বাংলাদেশি নাগরিককে সহজ ও দ্রুততম সময়ে আন্তর্জাতিক মানসম্মত ই-পাসপোর্ট প্রদান করা।

## " পাসপোর্ট নাগরিক অধিকার, সার্বিক সেবাই অঙ্গীকার"

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রাপ্তির স্থান | সেবার মূল্য পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | ইলেক্ট্রনিক (e-passport) পাসপোর্ট ইস্যু | ১। অনলাইনের মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করা হয়।<br>২।লালমনিরহাট জেলায় বসবাসরত জনসাধারণকে এই সেবা প্রদান করা হয়।<br>৩। www.epassport.gov.bd এই website এর মাধ্যমে অনলাইনে e-passport এর আবেদন করতে হবে।<br>৪। তারকা চিহ্নিত ক্রমিক নম্বরগুলো অবশ্যই পূরণ করতে হবে।<br>৫। জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন ইংরেজি জন্ম নিবন্ধন (BRC) সনদ নিম্নোক্ত সয়স অনুসারে দাখিল করতে হবে।<br>ক) বয়স ১৮ বছরের নিম্নে হলে জাতীয় পরিচয়পত্র অথবা অনলাইন ইংরেজি জন্ম নিবন্ধন (BRC) সনদ আবশ্যক।<br>খ) বয়স ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন ইংরেজি জন্ম নিবন্ধন (BRC) সনদ আবশ্যক।<br>গ) বয়স ২০ বছরের উর্ধ্বে হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যক।<br>৬। ১৮ বছরের নিম্নে অথবা ৬৫ বছরের উর্ধ্বে বয়সী আবেদনকারীগণ কেবল ৫ বছর মেয়াদী পাসপোর্ট পাবেন।<br>৭। রঙ্গিন পোশাক পরিধান করা আবশ্যক। সাদা অথবা হালকা রংয়ের পোশাক পরিধান করে ছবি তোলা যাবে না এবং টিপ, অলংকার, টুপি, চশমা ইত্যাদি ব্যবহার করা যাবে না।<br>৮। দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে পাসপোর্টের আবেদনের সাথে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত আদেশ দাখিল করতে হবে।<br>৯।প্রযোজ্য ক্ষেত্রে জিও(GO)/এনওসি (NOC)/ প্রত্যায়নপত্র/ অবসরোত্তর ছুটির আদেশ (PRL order) সংযোজন করতে হবে, যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ website এ আপলোড থাকতে হবে।<br>১০। আবেদনপত্রসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য www.epassport.gov.bd এই | **নতুন আবেদনের ক্ষেত্রে**<br>১। এ্যাপোয়েন্টমেন্ট শিডিউলের পেইজের এক (০১) টি প্রিন্ট কপি।<br>২। অনলাইন আবেদন ফরমের ডাউনলোডকৃত এক (০১) সেট প্রিন্ট কপি।<br>৩। ই-পাপোর্ট ফি জমা প্রদানের রসিদ।<br>৪। মূল জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন ইংরেজি জন্ম নিবন্ধন (BRC) সনদ এবং পরিষ্কার/রঙ্গিন ফটোকপি।<br>৫। অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিচে) আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতার মূল জাতীয় পরিচয়পত্র (NID) এবং পরিষ্কার/রঙ্গিন ফটোকপি।<br>৬। পূর্ববর্তী মূল MRP/e-passport আবশ্যক এবং উক্ত পাসপোর্টটির ডাটা পেইজের পরিষ্কার/রঙ্গিন ফটোকপি।<br>৭। ছয় (০৬) বছরের কম বয়সী আবেদনকারীদের ক্ষেত্রে 3R সাইজের সাদা ব্যাকগ্রাউন্ডের ল্যাবপ্রিন্ট রঙিন ছবি এক (০১) কপি দাখিল করতে হবে।<br>৮। প্রাসঙ্গিক টেকনিক্যাল সনদসমূহ ( যেমন- ডাক্তার, আইনজীবী, ড্রাইভার ইত্যাদি) সনদ সংযোজন করতে হবে।<br>৯। স্থায়ী ঠিকানা, বৈবাহিক অবস্থা, পেশাসহ অন্যান্য তথ্যাদি পরিবর্তনের ক্ষেত্রে তথ্য সংশ্লিষ্ট যাবতীয় দলিলাদি সরবরাহ করতে হবে।<br>১০। ১৫ বছরের নিম্নে আবেদনকারীদের ক্ষেত্রে মূল NID সহ পিতা/মাতাকে এবং বৈধ অবিভাবককে উপস্থিত হতে হবে।<br>১১। আপনার জন্য প্রযোজ্য সকল প্রয়োজনীয় কাগজপত্রাদির মূল কপি সঙ্গে আনতে হবে।<br>১২। আপনার আবেদন নিজ দায়িত্বে নির্ভুলভাবে করার চেষ্টা করুন। দালাল অথবা অন্য কোনো অসাধু ব্যক্তির সাথে কোনো ধরনের আর্থিক লেনদেন করলে অফিস কর্তৃপক্ষ কোনভাবে দায়ী থাকবে না।<br>১৩। হারানো (Lost) পাসপোর্টের ক্ষেত্রে মূল জিডি (GD) এর কপি দাখিল করতে হবে।<br>১৪। তথ্য পরিবর্তনের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগের জারিকৃত ৫৮.০০.০০০০.০৪৩.০০৭ (অংশ).১৫৮; তারিখ: ১৩ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ-এর পরিপত্র মোতাবেক।<br>১৫।পাসপোর্টের তথ্য পরিবর্তন/সংশোধন সংক্রান্ত ওয়েবসাইটে আপলোডকৃত নির্দিষ্ট ফরম পূরণ পূর্বক এক (০১) কপি সংযোজন করতে হবে।<br>**রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে**<br>১। অনলাইন আবেদন ফরমের ডাউনলোডকৃত এক (০১) সেট প্রিন্ট কপি।<br>২। এ্যাপোয়েন্টমেন্ট শিডিউলের পেইজের এক (০১) টি প্রিন্ট কপি।<br>৩। পূর্ববর্তী মূল MRP/e-passport আবশ্যক এবং উক্ত পাসপোর্টটির ডাটা পেইজের পরিষ্কার/রঙ্গিন ফটোকপি।<br>৪। ই-পাপোর্ট ফি জমা প্রদানের রসিদ।<br>৫। জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন ইংরেজি জন্ম নিবন্ধন (BRC) সনদ এবং পরিষ্কার/রঙ্গিন ফটোকপি।<br>৬। অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিচে) আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতার মূল জাতীয় পরিচয়পত্র (NID) এবং পরিষ্কার/রঙ্গিন ফটোকপি।<br>৭। পূর্ববর্তী মূল MRP/e-passport আবশ্যক এবং উক্ত পাসপোর্ট এবং পাসপোর্টটির ডাটা পেইজের | ই-পাসপোর্ট ওয়েবসাইট www.epassport.gov.bd | সাধারণ আবেদনকারীদের জন্য পাসপোর্ট ফি<br>পৃষ্ঠা সংখ্যা \| মেয়াদ \| বিতরণের ধরণ ও সেবা প্রদানের সময়সীমা: সাধারণ (১৫ কর্ম দিবসের মধ্যে) \| জরুরী (০৭ কর্ম দিবসের মধ্যে) \| অতীব জরুরী (৩ কর্ম দিবসের মধ্যে)<br>৪৮ পৃষ্ঠা \| ৫ বছর \| ৪,০২৫ টাকা \| ৬,৩২৫ টাকা \| ৮,৬২৫ টাকা<br>৪৮ পৃষ্ঠা \| ১০ বছর \| ৫,৭৫০ টাকা \| ৮,০৫০ টাকা \| ১০,৩৫০ টাকা<br>৬৪ পৃষ্ঠা \| ৫ বছর \| ৬,৩২৫ টাকা \| ৮,৬২৫ টাকা \| ১২,০৭৫ টাকা<br>৬৪ পৃষ্ঠা \| ১০ বছর \| ৮,০৫০ টাকা \| ১০,৩৫০ টাকা \| ১৩,৮০০ টাকা<br>১। সকল সরকারি ও বেসরকারি ব্যাংক থেকে এ-চালানের মাধ্যমে ই-পাসপোর্টের ফি পরিশোধ করা যাবে।<br>২। অফিসিয়াল পাসপোর্টের পৃষ্ঠা সংখ্যা হবে ৪৮ এবং মেয়াদ হবে ৫ বছর অথবা চাকুরির অবসর গ্রহণের তারিখ পর্যন্ত।<br>৩। প্রতি সপ্তাহে রবিবার হতে বুধবার সকাল ১০ টা হতে দুপুর ১ টা পর্যন্ত কক্ষ নং ২০১ এ গণশুনানী গ্রহণ করা হয়।<br>৪। সরকারি চাকুরিজীবী যাদের এনওসি (NOC)/ জিও (GO) এবং অবসরোত্তর ছুটির আদেশ (PRL order) রয়েছে তাঁরা নিয়মিত ফি জমা দেওয়া সাপেক্ষে জরুরী সুবিধা পাবেন এবং জরুরী ফি জমা দেওয়া সাপেক্ষে অতী জরুরী সুবিধা পাবেন। | মোঃ ইমরান হোসেন<br>সহকারী পরিচালক<br>মোবা- ০১৭৩৩৩৯৩৩৯৪<br>ফোন-০৫৯১৬১০৭৭<br>rpolalmonirhat@passport.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ওয়েবসাইটে পাওয়া যাবে।<br>১১। আবেদনকারীর বর্তমান ঠিকানা অবশ্যই আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাট-এর অধীনে হতে হবে।<br>১২। অতীব জরুরী পাসপোর্ট (Super Express) বিতরণ প্রক্রিয়া: শুধুমাত্র বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা হতে পাসপোর্ট বিতরণ করা হয়।<br>১৩। যাদের পূর্বে পাসপোর্ট রয়েছে এবং তথ্য অপরিবর্তিত তারাই কেবল ই-পাসপোর্টের Super Express সেবা পাবেন। | পরিষ্কার/রঙ্গিন ফটোকপি।<br>৮। ছয় (০৬) বছরের কম বয়সী আবেদনকারীদের ক্ষেত্রে 3R সাইজের সাদা ব্যাকগ্রাউন্ডের ল্যাবপ্রিন্ট রঙিন ছবি এক (০১) কপি দাখিল করতে হবে।<br>৯। প্রাসঙ্গিক টেকনিক্যাল সনদসমূহ ( যেমন- ডাক্তার, আইনজীবী, ড্রাইভার ইত্যাদি) সনদ সংযোজন করতে হবে।<br>১০। স্থায়ী ঠিকানা, বৈবাহিক অবস্থা, পেশাসহ অন্যান্য তথ্যাদি পরিবর্তনের ক্ষেত্রে তথ্য সংশ্লিষ্ট যাবতীয় দলিলাদি সরবরাহ করতে হবে।<br>১১। ১৫ বছরের নিম্নে আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতার মূল (NID) এবং বৈধ অবিভাবককে উপস্থিত হতে হবে।<br>১২। আপনার জন্য প্রযোজ্য সকল প্রয়োজনীয় কাগজপত্রাদির মূল কপি সঙ্গে আনতে হবে।<br>১৩। আপনার আবেদন নিজ দায়িত্বে নির্ভুলভাবে করার চেষ্টা করুন। দালাল অথবা অন্য কোনো অসাধু ব্যক্তির সাথে কোনো ধরনের আর্থিক লেনদেন করলে অফিস কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।<br>১৪। হারানো (Lost) পাসপোর্টের ক্ষেত্রে মূল জিডি (GD) দাখিল করতে হবে।<br>১৫। তথ্য পরিবর্তনের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগের জারিকৃত ৫৮.০০.০০০০.০৪৩.০০৭ (অংশ).১৫৮; তারিখ: ১৩ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ-এর পরিপত্র মোতাবেক।<br>১৬। পাসপোর্টের তথ্য পরিবর্তন/সংশোধন সংক্রান্ত ওয়েবসাইটে আপলোডকৃত নির্দিষ্ট ফরম পূরণ পূর্বক এক (০১) কপি সংযোজন করতে হবে।<br>**পাসপোর্ট উত্তোলনের ক্ষেত্রে**<br>১। মূল ডেলিভারি স্লিপ এবং পূর্বের পাসপোর্ট সঙ্গে আনতে হবে।<br>২। মূল ডেলিভারি স্লিপ হারিয়ে গেলে সাধারণ ডায়েরি (GD)-এর মূল কপি সঙ্গে আনতে হবে।<br>৩। আবেদনকারীকে স্বশরীরে উপস্থিত থেকে পাসপোর্ট গ্রহণ করতে হবে। | | | |